১১

দৈনিক সংবাদ

তারিখ AUG 10 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ছাত্রঐক্যের ক্লাস বর্জন চলছে

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাস সার্ভিস চালুর দাবিতে সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্যের ক্লাস বর্জন কর্মসূচি চলছে। গতকাল বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। তবে বিভিন্ন বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ছাত্রঐক্যের সাথে শিবিরও একই দাবিতে আজ সোমবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রঐক্য গতকাল ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলশেষে একাডেমিক ভবন চত্বরে এক সমাবেশে বক্তব্য রাখেন শাহজাহান চৌধুরী, মোহাম্মদ কলিম, নূর সাফা জুলহাজ, আবু সাঈদ সোহেল, রাহাত উল্লা জাহিদ প্রমুখ। বক্তারা অবিলম্বে বাস চালু করার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টও অনুরূপ সমাবেশের আয়োজন করে।